

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারী ২৫, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

আবগারী

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই ফাল্গুন ১৩৯৬/২৫শে ফেব্রুয়ারী ১৯৯০

নং এস, আর, ও ৭৯-আইন/৯০/২৩৩-আবগারী—The Excises and Salt Act, 1944 (I of 1944) এর Section 3(4), উক্ত Act এর Section 37 সহ পঠিতবা, এ প্রসঙ্গত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, উহার ১৫ই জুন, ১৯৮৯/১লা আষাঢ়, ১৩৯৬ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২০৮/আইন/৮৯/২০৫-আবগারী এর মাধ্যমে জারীকৃত ক্যাপসিটি ভিত্তিক আবগারী শুল্ক (গিনেরা হাউস) বিধিমালা, ১৯৮৯-এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

১। উপরি-উক্ত বিধিমালায় বিধি ৮-এর—

(ক) উপ-বিধি (৩) এ “শতকরা ৫ ভাগ হারে” শব্দগুলি ও সংখ্যাটির পরিবর্তে “শতকরা ২ ভাগ হারে” শব্দগুলি ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা:—

“(৪) উপ-বিধি (৩) এর অধীনে নিরূপিত অতিরিক্ত শুল্ক কেবল মূল পরিশোধযোগ্য শুল্কের উপর প্রদেয় হইবে।”

২। এই প্রজ্ঞাপন ২৭শে জুন, ১৯৮৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আবুল কায়েম

প্রথম সচিব (আবগারী)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক প্রদ্রিত।  
মোঃ শাহজাদালাহ করিম, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকার ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা  
কর্তৃক প্রকাশিত।

( ১৫৪৩ )

মূল্য: ৩০ পয়সা